

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশে সরকার
উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তার কার্যালয়
যুব উন্নয়ন অধিদপ্তর
কেশবপুর, যশোর।

স্মারক নং-৩৪.০১.৪১৩৮.০০০.৪৬.৩৮.১৪-৩৭১

তারিখঃ ০২/১২/২০২৪ খ্রি।

সূত্র-৩৪.০১.০০০০.০৪০.৩৭৩.১৩.২২-২৯০ তারিখঃ-১৭/১১/২০২৪খ্রিঃ

“ভর্তি বিজ্ঞপ্তি”

উপযুক্ত বিষয় ও সূত্রের আলোকে জানানো যাচ্ছে যে, যুব উন্নয়ন অধিদপ্তরধীন “টেকনোলজি এমপাওয়ারমেন্ট সেন্টার অন হাইলস ফর আন্ডারপ্রিভিলেজড রুরাল ইয়ং পিপল অফ বাংলাদেশ (টেকাব ২য় পর্যায়), শীর্ষক প্রকল্পের আওতায় ড্রাম্যামান আইসিটি ট্রেনিং ভ্যানের মাধ্যমে উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তার কার্যালয়, কেশবপুর, যশোর আয়োজনে ০২ (দুই) মাস (জানুয়ারি/২৫ থেকে ফেব্রুয়ারি/২৫) মেয়াদী “কম্পিউটার ও নেটওয়ার্কিং” বিষয়ে প্রশিক্ষণে কেশবপুর উপজেলার স্থায়ী বাসিন্দা ১৮-৩৫ বছর বয়সী কর্মপ্রত্যাশী যুবদের কর্মসংস্থানের নিমিত্তে দক্ষতা বৃদ্ধিমূলক প্রশিক্ষণ ও আত্মকর্মী সৃজনের লক্ষ্যে নিম্নবর্ণিত প্রশিক্ষণ কোর্সে ভর্তির জন্য নিয়মাবলী অনুসরণ পূর্বক দরখাস্ত আহবান করা যাচ্ছে।

| নং | প্রশিক্ষণ কোর্সের নাম | কোর্সের মেয়াদ | শিক্ষাগত যোগ্যতা (নূন্যতম) | দরখাস্ত জমাদানের তারিখ | লিখিত/মৌখিক পরীক্ষার তারিখ | ভর্তির তারিখ | প্রশিক্ষণ শুরুর তারিখ |
|----|--------------------------|----------------|---|------------------------------|----------------------------|--------------|-----------------------|
| ০১ | কম্পিউটার ও নেটওয়ার্কিং | ০২ মাস | যুব পুরুষ (এইচ. এস. সি) যুব মহিলা (এস. এস. সি) | ০১/১২/২০২৪ হতে ২৩/১২/২০২৪ | ২৬/১২/২০২৪ | ২৯/১২/২০২৪ | ০১/০১/২০২৫ |

দরখাস্ত ও ভর্তি সংক্রান্ত তথ্যাদি

- ১। নিম্নিষ্ট ভর্তি ফরমে আবেদন করতে হবে। (উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তার কার্যালয় কেশবপুর, যশোর হতে সংগ্রহ করা যাবে।)
(<http://youth.keshabpur.jessore.gov.bd>)
- ২। আবেদনপত্রের সাথে (ক) সর্বশেষ শিক্ষাগত যোগ্যতা সনদপত্রের অনুলিপি ও ০২ (দুই) কপি পাসপোর্ট সাইজের ছবি (খ) জাতীয় পরিচয়পত্র/জন্ম নিবন্ধন সনদপত্রের অনুলিপি (গ) স্থানীয় ইউনিয়ন পরিষদ/ পৌরসভা কর্তৃক প্রাপ্ত নাগরিক সনদের মূল কপি। (ঘ) লিখিত/ মৌখিক পরীক্ষার সময় মূল কাগজপত্র সমশো আনতে হবে।
- ৩। দলিত (সুইপার, ঋষি, ডোম), প্রতিবন্ধী, অটিস্টিক ও হিজড়া, দুস্থ যুব প্রার্থীকে ভর্তির ক্ষেত্রে অগ্রাধিকার দেওয়া হবে।
- ৪। ভর্তির ব্যাপারে নির্বাচনী বোর্ডের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।
- ৫। প্রত্যেক প্রশিক্ষার্থীকে কেন্দ্রের নিয়ম-শৃঙ্খলা মেনে চলতে হবে।
- ৬। প্রত্যেক প্রশিক্ষার্থীদের উপস্থিতির ভিত্তিতে দৈনিক ২০০/- (দুইশত) টাকা হারে প্রশিক্ষণ/যাতায়াত ভাতা প্রদান করা হবে।
- ৭। লিখিত/মৌখিক পরীক্ষার তারিখ ও সময়ে নির্বাচনী বোর্ডের সামনে হাজির হতে হবে। এ জন্য কোন টিএ/ডি.এ. দেওয়া হবে না।
- ৮। প্রশিক্ষণ শেষে আত্মকর্ম/কর্মসংস্থানে নিয়োজিত হতে হবে।
- ৯। ভর্তির সময় প্রশিক্ষার্থীগণকে সক্রিয় মোবাইল নম্বর Facebook, Whats app no. Email. ID আবশ্যিকভাবে দিতে হবে।

১০। সকল কাগজপত্র/সনদপত্র গেজেটেড কর্তৃকর্তা কর্তৃক সত্যায়িত হতে হবে।

স্বাক্ষর:
(মোহাঃ আনজু মনোয়ারা)
উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা
কেশবপুর, যশোর।

তারিখঃ ০২/১২/২০২৪ খ্রি।

স্মারক নং-৩৪.০১.৪১৩৮.০০০.৪৬.৩৮.১৪-

অনুলিপি সদয় অবগতির জন্য (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

- ১। প্রকল্প পরিচালক (টেকাব ২য় পর্যায় প্রকল্প) যুব উন্নয়ন অধিদপ্তর, ঢাকা।
- ২। উপপরিচালক, যুব উন্নয়ন অধিদপ্তর, যশোর।
- ৩। উপজেলা নির্বাহী অফিসার, কেশবপুর, যশোর।
- ৪। অফিসার ইনচার্জ, কেশবপুর থানা, যশোর।
- ৬। চেয়ারম্যান, ইউনিয়ন পরিষদ (সকল), কেশবপুর যশোর।
- ৭। অফিস কপি।


উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা,
কেশবপুর, যশোর।